দৈনিক ইত্তেফাক

তারিখ 29 NOV 1995
পৃষ্ঠা ২ কলাম ৪

৪৭

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভিসি অপসারণের দাবীতে চ্যান্সেলরের নিকট শিক্ষক সমিতির পত্র

রাজশাহী অফিস ও বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গতকাল (মঙ্গলবার) রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ভাইস-চ্যান্সেলরের অপসারণ দাবী করিয়া চ্যান্সেলর বরাবরে একটি 'আবেদনপত্র' প্রেরণ করিয়াছে। সংশ্লিষ্ট

(১১শপৃঃ ২-এর কঃ দ্রঃ)

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

সূত্রমতে, শিক্ষক সমিতি পত্রে ভিসির "অযোগ্যতা, অপারগতা ও দায়িত্বহীনতার' বিস্তৃত বিবরণ দিয়াছে। সমিতির অভিযোগ, একমাত্র ভিসির কারণেই বিশ্ববিদ্যালয় এখন দারুন সংকটের আবর্তে নিমজ্জিত।

পত্রে বলা হয়, ছাত্র সংঘর্ষের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় বন্ধ হওয়ার পর বিবদমান ছাত্র সংগঠনের মধ্যে কোনরূপ সমঝোতা ছাড়াই নির্বাহী আদেশে পুনরায় খুলিয়া ভিসি পরিস্থিতি জটিল করিয়াছেন। শিক্ষক সমিতি ভিসির বিরুদ্ধে পক্ষপাতমূলক আচরণ, প্রশাসন দলীয়করণ, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী নিয়োগে দলীয় ও স্বজনপ্রীতি, বিশেষ একটি ছাত্র সংগঠনের প্রতি পক্ষপাত প্রভৃতি অভিযোগ পত্রে উত্থাপন করিয়াছে। ইহার অনুলিপি প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী ও সচিবের নিকটও পাঠান হইয়াছে।

ভিসির অপসারণসহ চারদফা দাবীতে সাম্প্রদায়িকতা বিরোধী ছাত্রজোট আহুত তিনদিনের ধর্মঘটের প্রথমদিন গতকাল (মঙ্গলবার) শান্তিপূর্ণভাবে পালিত হয়। ক্লাস ও পরীক্ষা হয় নাই। এদিকে একটি ছাত্র সংগঠনের নেতা-কর্মীরা "সংগ্রামী ছাত্র পরিষদের" ব্যানারে গতকাল ক্যাম্পাসে ধর্মঘট বিরোধী মিছিল করিয়াছে। তাহারা পাঁচ দফা দাবীতে বেলা ১১টা হইতে ১২টা পর্যন্ত ভিসির উপস্থিতিতে তাহার অফিস ঘেরাও করিয়া রাখে এবং পরে স্মারকলিপি পেশ করে।